



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
শাজাহানপুর, বগুড়া।



www.bbs.shajahanpur.bogra.gov.bd

স্মারক নং-৫২.০১.১০.৮৫.০০০.৫৩.২৮৪.১৯- ১৯২

তারিখ:- ১৯/০৮/২০২১ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির গণনাকার্যক্রমে 'গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র শাজাহানপুর উপজেলায় ৯টি ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র নং	পদের নাম	সংখ্যা	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	সুপারভাইজার (২১)	চুপিনগর=১ আড়িয়া=৪ মাঝিড়া=২ মাদলা=২ খোটাপাড়া=২ আমরুল=৫ আশেকপুর=২ খরনা=২ গোহাইল=১	প্রকল্পের ডিপিপি মোতাবেক।	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্শন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ১৯/০৮/২০২১ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
২	গণনাকারী (৯২)	চুপিনগর=৪ আড়িয়া=২২ মাঝিড়া=৪ মাদলা=১০ খোটাপাড়া=১১ আমরুল=১১ আশেকপুর=১০ খরনা=৮ গোহাইল=১২	প্রকল্পের ডিপিপি মোতাবেক।	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্শন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ১৯/০৮/২০২১ তারিখে বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:


- ১) মূল শুমারিতে প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১১০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ২) মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে। **(বিঃদ্রঃ একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না!)**
- ৩) অন্য কোন পেশায় নিয়োজিত থাকলে কেউ আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাতিল করার ক্ষমতা রাখেন।
- ৪) প্রয়োজনে নিজের মৌজা/ইউনিয়ন, মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য মৌজা/ইউনিয়ন, ওয়ার্ড/মহল্লায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ৫) সকল পদের আবেদন ফরম আগামী ২৮/০৮/২০২১ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, শাজাহানপুর, বগুড়া সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ৬) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।
- ৭) মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৮) **স্বাক্ষরের উপরে ইউনিয়ন, গ্রাম ও পদের নাম লিখে জমা দিতে হবে।**
- ৯) যে মৌজায় কাজ করতে আগ্রহী (সর্বোচ্চ ০২টি মৌজার নাম লিখুন)
- ১০) **ইতিপূর্বে যারা নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।**

অন্যান্য তথ্যাবলী:

- ১) আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েব সাইট www.bbs.shajahanpur.bogra.gov.bd থেকে ডাউনলোড করে সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ২) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণ কে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৪) উপজেলা নির্বাহী অফিস, শাজাহানপুর, বগুড়া এ নিম্নলিখিত তারিখ অনুযায়ী সকাল ১০.০০ ঘটিকায় মৌখিক পরীক্ষা নেয়া হবে।

২৯/০৮/২০২১ খ্রি.
সকল ইউনিয়ন।

- ৫) যথা সময়ে চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিস, শাজাহানপুর, বগুড়া এর নোটিশ বোর্ড এ প্রকাশ করা হবে।
- ৬) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ ভাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে।
- ৭) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(আসিফ আর্শাদ)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প এর
তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি
শাজাহানপুর, বগুড়া।